

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৩ অধিশাখা)

www.mohfw.gov.bd

নং ৪৫.১৪৪.০০৬.০০.০০.০০২.২০১৭-১৮৫

তারিখঃ ৩০-০১-১৪২৫ বঙ্গাব্দ
১৩-০৫-২০১৮ খ্রিষ্টাব্দ


প্রজ্ঞাপন

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন হাসপাতালে চিকিৎসকদের উপস্থিতি ও জনগণকে অধিকরত স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্তে নিম্নরূপ আদেশ জারী করা হলোঃ

- ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত সকল জুনিয়র কনসালটেন্ট ও মেডিকেল অফিসারকে অবশ্যই উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে নিয়ন্ত্রনকারী কর্মকর্তা হিসেবে মান্য করতে হবে। তার সকল বৈধ আদেশ/নিষেধ মেনে চলতে হবে। তার বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করা যাবে না। কর্মস্থল বলতে উপজেলার ভৌগোলিক অধিক্ষেত্র বুঝাবে। এদেশে প্রচলিত নিয়মে তাকে সম্বোধন করতে হবে। কেউ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কোন আদেশ/নিষেধ অমান্য করলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- খ) মেডিকেল কলেজ হাসপাতালে রোগীদের চিকিৎসা দেয়ার ক্ষেত্রে কোন শিক্ষকের কোনরূপ অবহেলা/গাফিলতি/শৈথিল্য/অনুপস্থিতি ইত্যাদি ক্ষেত্রে পরিচালক বিষয়টি লিখিতভাবে অধ্যক্ষকে অবহিত করবেন এবং মহা-পরিচালক স্বাস্থ্য অধিদপ্তর ও মন্ত্রণালয়ে অনুলিপি দিবেন;
- গ) চিকিৎসক হিসেবে একজন শিক্ষক অবশ্যই পরিচালকের পরামর্শমত কাজ করবেন;

০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে বাধ্যতামূলকভাবে কর্মস্থলে অবস্থান করতে হবে এবং উপজেলার ভৌগোলিক অধিক্ষেত্রের বাইরে যেতে হলে সংশ্লিষ্ট সিভিল সার্জনের অনুমতি গ্রহণ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(রোকেয়া বেগম)

উপসচিব

ফোনঃ ৯৫৪৯১২৮

dsper3@mohfw.gov.bd


নং-নং ৪৫.১৪৪.০০৬.০০.০০.০০২.২০১৭-১৮৫/১(১৬)

তারিখঃ ১৩-০৫-২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অধ্যক্ষ/পরিচালক (সকল),
- ২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য),
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৯। সিভিল সার্জন/তত্তাবধায়ক(সকল).....
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল),.....
- ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। যুগ্ম-সচিব (পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(রোকেয়া বেগম)
উপসচিব